
# ড. ইউনূসসহ সাবেক উপদেষ্টাদের দেশত্যাগে নিষেধাজ্ঞা চেয়ে আইনি নোটিশ



সাবেক প্রধান উপদেষ্টা ড. ইউনুস। ছবি: সংগৃহীত

সাবেক প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের দেশত্যাগে নিষেধাজ্ঞা আরোপের দাবি জানিয়ে সরকারের সংশ্লিষ্ট দপ্তরে একটি আইনি নোটিশ পাঠানো হয়েছে। সোমবার (৬ এপ্রিল) সুপ্রিম কোর্টের আইনজীবী এম আশরাফুল ইসলাম এই নোটিশ পাঠান।

নোটিশে ড. ইউনূস ছাড়াও সাবেক উপদেষ্টাসহ মোট ২৪ জনের বিদেশযাত্রা বন্ধের আবেদন জানানো হয়েছে। অভিযোগে বলা হয়েছে, হামের টিকাদান কার্যক্রম রাষ্ট্রীয় ব্যবস্থার বাইরে নিয়ে বেসরকারি খাতে হস্তান্তরের সঙ্গে তারা জড়িত ছিলেন।

আইনজীবী এম আশরাফুল ইসলাম নিজ ফেসবুক পোস্টে বিষয়টি নিশ্চিত করে দাবি করেন, জনস্বাস্থ্য সংশ্লিষ্ট এই সিদ্ধান্তকে ‘অনৈতিক ও ক্ষতিকর’ উল্লেখ করে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া প্রয়োজন বলেই তিনি এ নোটিশ পাঠিয়েছেন।

LENS ASIA